

# 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৫৮

৪৬/ কিতাবুল আদব (ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا سَافَرْتُمْ فِي الْخِصْبِ فَأَعْطُوا الْإِبِلَ حَظَّهَا مِنَ الأَرْضِ وَإِذَا سَافَرْتُمْ فِي السَّنَةِ فَبَادِرُوا بِنِقْيِهَا وَإِذَا عَرَّسْتُمْ فَاجْتَنِبُوا الطَّرِيقَ فَإِنَّهَا طُرُقُ الدَّوَابِ وَمَأْوَى الْهَوَامِّ بِاللَّيْلِ ". قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَأَنسٍ .

#### বাংলা

২৮৫৮. কুতায়বা (রহঃ) ..... আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমরা সবুজ তৃণ ভূমি সফর করবে তখন এ ভূমি থেকে উটকেও তার হিস্যা নিতে দিবে। আর যখন উষর তৃণহীন প্রান্তর সফর করবে তখন উটের শক্তি বহাল থাকতে থাকতে দ্রুত তা অতিক্রম করে যাবে। যখন রাতের শেষের দিকে কোন মন্যিলে অবতরণ করবে তখন পথ ছেড়ে বিশ্রাম নিবে। কেননা, এ পথ পশুর এবং রাত্রে বিচরণশীল কীট-পতঙ্গের আশ্রয়স্থল।

সহীহ, সহিহাহ ১৩৫৭, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮৫৮ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। এ বিষয়ে আনাস ও জাবির (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে।

### **English**

### Narrated Abu Hurairah:

that the Messenger of Allah () said: "When you travel through fertile land, then give the camels their fill of the land, and when you travel through drought, then hasten while they are fresh, and when you camp late, then stay away from the road, for indeed it is the route of the beasts and the



## abode of poisonous vermin in the night."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন